

PRINT

সমকাল

বিশ্ববিদ্যালয়গুলোর মান খুবই খারাপ হয়ে গেছে ড. জাফর ইকবাল

৯ ঘণ্টা আগে

সিলেট ব্যুরো

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, জনপ্রিয় লেখক অধ্যাপক ড. মুহম্মদ জাফর ইকবাল বলেছেন, 'আমাদের বিশ্ববিদ্যালয়গুলোর মান খুবই খারাপ হয়ে গেছে। এখন বিশ্ববিদ্যালয়গুলোতে লবিংয়ের মাধ্যমে ভাইস চ্যান্সেলর নিয়োগ দেওয়া হয়। যাদের ভাইস চ্যান্সেলর হওয়ার যোগ্যতাই নেই। কাজেই তারা সাংবাদিকদের খুবই তোয়াজ করেন এবং তাদের অবৈধ উপায়ে সুযোগ-সুবিধা দেওয়ার চেষ্টা করেন। ফলে সাংবাদিকরা মূল পথ থেকে বিচ্ছিন্ন হয়ে পড়ে।' গতকাল শুক্রবার শাহজালাল বিশ্ববিদ্যালয় প্রেস ক্লাবের উদ্যোগে দুই দিনব্যাপী 'ন্যাশনাল ক্যাম্পাস জার্নালিজম ফেস্ট-২০১৮' এর উদ্বোধন শেষে তিনি এসব কথা বলেন।

গতকাল সকালে ক্যাম্পাসের কেন্দ্রীয় মিলনায়তনের সামনে উৎসবের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। আলোচনা সভায় ক্যাম্পাস সাংবাদিকদের উদ্দেশে ড. জাফর ইকবাল বলেন, সাংবাদিকদের অনেকেই বলেন তিনি নিরপেক্ষ। নিরপেক্ষ বলতে ন্যায় আর অন্যায়ের মধ্যবর্তী অবস্থান নয়। যদি ন্যায় এবং অন্যায়ের মাঝখানে নিরপেক্ষ থাকতে বলা হয়, তবে আমি ন্যায়ের পক্ষেই থাকব। এটা খেয়াল রাখতে হবে।

শাবি প্রেস ক্লাবের সভাপতি আবদুল্লাহ আল মনসুরের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ফয়জুল্লাহ ওয়াসিফের সঞ্চালনায় আলোচনা সভায় আরও বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. ইলিয়াস উদ্দিন বিশ্বাস, ছাত্র উপদেষ্টা ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. রাশেদ তালুকদার, আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. হিমাদ্রী শেখর রায়, চ্যানেল টোয়েন্টিফোরের বিজনেস এডিটর ফারুক মেহেদী, বাংলাদেশ জার্নালের যুগ্ম বার্তা সম্পাদক মুস্তফা মনওয়ার সৃজন প্রমুখ।

আনুষ্ঠানিক উদ্বোধন শেষে ক্যাম্পাসে একটি আনন্দ শোভাযাত্রা বের করা হয়। উদ্বোধন পর্ব শেষে মেনটর হিসেবে সাংবাদিকতায় নিজের অভিজ্ঞতা, সমস্যা এবং সম্ভাবনা তুলে ধরেন যমুনা টিভির বিশেষ প্রতিনিধি মোহসিন উল হাকিম

ও মাছারাঙা টিভির বিশেষ প্রতিনিধি বদরুদ্দোজা বাবু। ক্যাম্পাস সাংবাদিকদের নিজেদের মধ্যে মেলবন্ধনকে আরও দৃঢ় করতে ঢাকা, জাহাঙ্গীরনগর, রাজশাহী, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়সহ ২৪টি ক্যাম্পাস থেকে আসা তিন শতাধিক ক্যাম্পাস সাংবাদিক এ উৎসবে অংশ নিচ্ছেন।

© সমকাল 2005 - 2018

সম্পাদক : গোলাম সারওয়ার । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com